



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.০৮.০২৮.১৮- ১৮১৪/৪


তারিখ: ২৪ অক্টোবর ২০২১খ্রি.

বিষয়: চিকিৎসা ছুটি মঞ্জুরি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত কর্মকর্তা চিকিৎসা ছুটি মঞ্জুরির জন্য আবেদন করেছেন। কিন্তু তাঁর নামের পার্শ্বে বর্ণিত তথ্যাদি অসম্পূর্ণ থাকায় আবেদনটি সুপারিশসহ মন্ত্রণালয়ে প্রেরণ করা যাচ্ছে না।

ক্রমিক নং	নাম, পদবি ও কর্মস্থল	অসম্পূর্ণ কাগজপত্র/তথ্যাদির বিবরণ
০১	জনাব মো: ইকবাল হাছান উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আদর্শ সদর, কুমিল্লা	(ক) দীর্ঘ ০৬ (ছয়) বছর পর বিলম্বে আবেদন করার কারণ ব্যাখ্যা বা এ সংক্রান্ত কোন সংযুক্তি দাখিল করা হয়নি। বিলম্বে আবেদন করার ব্যাখ্যা দাখিল করা প্রয়োজন। (খ) তাঁর ৩০/০৫/২০১৬ তারিখে স্বাক্ষরিত আবেদনে উল্লেখ করেছেন তিনি ০৪/০৭/২০১৬ তারিখ দুর্ঘটনায় আহত হয়েছেন কিন্তু ছুটি দাবি করেছেন এক বছর পূর্বের ০৫/০৭/২০১৫ তারিখ থেকে ২৯/০৭/২০১৫ তারিখ পর্যন্ত বিষয়টি অসংগতিপূর্ণ হওয়ায় সে বিষয়ে তাঁর ব্যাখ্যা প্রয়োজন। (গ) হাসপাতালে ভর্তি এবং ছাড়পত্রের কপি দাখিল করা হয়নি। হাসপাতালে ভর্তি এবং ছাড়পত্রের কপি প্রয়োজন।

এমতাবস্থায়, নামের পার্শ্বে উল্লেখিত তথ্যাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


২৯/১০/২০২১.
(রূপক রায়)

সহকারী পরিচালক (সা: প্র:)

ফোন- ৯৫৫৬৪৩২

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
আদর্শ সদর, কুমিল্লা।

বিতরণ:

- ০১। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
- ০২। জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, কুমিল্লা।
- ০৩। উপজেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, বুড়িচং, কুমিল্লা।
- ০৪। সংরক্ষণ নথি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd




স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.০৮.০২৮.১৮- ৭৮৮৭২/৫

তারিখ: ২৪ অক্টোবর ২০২১খ্রি.

বিষয়: চিকিৎসা ছুটি মঞ্জুরি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: ইকবাল হাছান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদর্শ সদর, কুমিল্লা বিগত ০৫/০৭/২০১৫ তারিখ থেকে ২৯/০৭/২০১৫ তারিখ পর্যন্ত তাঁর চিকিৎসা ছুটি মঞ্জুরির জন্য আবেদন করেছেন। আবেদনকারী কর্মকর্তা প্রার্থীত সময়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বুড়িচং, কুমিল্লা হিসেবে কর্মরত ছিলেন।

এমতাবস্থায়, বর্ণিত কর্মকর্তা ০৫/০৭/২০১৫ তারিখ থেকে ২৯/০৭/২০১৫ তারিখ পর্যন্ত ২৫ (পঁচিশ) দিনের বেতন-ভাতা উত্তোলন করেছেন কি-না এ বিষয়ে তথ্য প্রেরণ করা জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(রূপক রায়)

সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোন- ৯৫৫৬৪৩২



উপজেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা
বুড়িচং, কুমিল্লা।

বিতরণ:

- ০১। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।
- ০২। জেলা হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, কুমিল্লা।
- ০৩। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বুড়িচং, কুমিল্লা।
- ০৪। জনাব মো: ইকবাল হাছান, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদর্শ সদর, কুমিল্লা।
- ০৫। সংরক্ষণ নথি।